দৈনিক বাংলা

052

তারিখ 09 SEP 1988
পৃষ্ঠা 3 কলাম 3

# ত্রাণ তহবিলে শিক্ষামন্ত্রী কোটি টাকার বেশী অর্থের চেক প্রদান করেছেন

প্রেসিডেন্টের আহবানে দেশের বন্যাদুর্গতদের জন্য শিক্ষামন্ত্রী ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদের নেতৃত্বে, বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশন ও বাংলাদেশ প্রাথমিক শিক্ষক সমিতির নেতৃবৃন্দ গত বুধবার প্রেসিডেন্টের সচিবালয়ে প্রেসিডেন্টের কাছে এক কোটি ১৫ লাখ ৮৬ হাজার ৫৭১ টাকার চেক প্রদান করেন। খবর তথ্য বিবরণীর।

এ অর্থ স্কুল, কলেজ মাদ্রাসার শিক্ষক ও কর্মচারী এবং শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের কর্মকর্তা ও কর্মচারীদের এক দিনের বেতন থেকে সংগৃহীত হয়।